গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম
ফোন নং : ০২৩৩৩৩৬৬০৫১, মোবাইল : +৮৮০১৭৭৪৮৩৭৪২৩
ই-মেইল : principal@gccc.edu.bd, info@gccc.edsu.bd, govtcitycollegectg1954

# বিজ্ঞপ্তি

তারিখ : ১৭/০৪/২০২৫ খ্রি.

**জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) বিএ/ বিএসএস/ বিএসসি ও বিবিএ শ্রেণির ভর্তি ফরমের প্রাথমিক আবেদনের ফরম (জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ৪র্থ বার ফরম জমাদানের সময় বৃদ্ধি করায় ) জমাদান সংক্রান্ত বিজ্ঞপ্তি ।**

ভর্তির আবেদন ফরম পূরণ : ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের **Online** এর মাধ্যমে আবেদন করতে হবে।

- **Online** এর ঠিকানা : **www. nu.ac.bd/admission**
- জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ৭০০/-(সাতশত) জমাদানের তারিখ : ১৮/০৪/২০২৫ খ্রি. তারিখ থেকে ২৫/০৪/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত ।
- আবেদনকারী উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় যে শাখা থেকে উত্তীর্ণ হয়েছে তাকে সেই শাখার জন্য নির্ধারিত ভর্তির আবেদন ফরম পূরণ করতে হবে।

**ফি পরিশোধের নিয়মাবলী, ফরম জমাদানের তারিখ ও সময় :**

**( জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ৭০০/-(সাতশত) টাকা কলেজ ওয়েবসাইটে প্রেমেন্ট গেটওয়ের মাধ্যমে জমাদানের নিয়মাবলী)**

স্টেপ ০১ : **https://www.gccc.edu.bd** এ লিংকে প্রবেশ করুন।

স্টেপ ০২ : ম্যানুতে **Admission** এর নিচে স্ক্রল করে এর পর **Apply For Admission** এ প্রবেশ করুন। **Under Graduate Admission** এ ক্লিক করুন।

স্টেপ ০৩ : **Admission Roll Number** এর ঘরে শিক্ষার্থীর **Admission Roll Number** টি টাইপ করুন।

স্টেপ ০৪ : সঠিক ভাবে ক্যাপচা কোড টি টাইপ করে **verify** এ ক্লিক করে ব্যক্তিগত তথ্য দিয়ে **Save** বাটনে ক্লিক করুন।

স্টেপ ০৫ : **Payment Method** সিলেক্ট করুন। (বিকাশ / নগদ / ডাচ বাংলা ইত্যাদি)

স্টেপ ০৬ : এরপর **Next** অপশন টি তে ক্লিক করে ধাপে ধাপে **payment complete** করুন।

স্টেপ ০৭ : **payment complete** এর পর **payment copy** টি সংরক্ষন করুন **PDF File** টি ডাউনলোড ও প্রিন্ট করুন।

- প্রাথমিক আবেদন ফরম কলেজে জমার তারিখ ও সময় ২৩/০৪/২০২৫ খ্রি. তারিখ,সকাল ১০.০০টা হতে ১২.৩০টা পর্যন্ত।
- প্রাথমিক আবেদন ফরমের সাথে এইচএসসি পরীক্ষার নম্বরপত্রের ও রেজিস্টেশন কার্ডের ফটোকপি এবং অন-লাইনে ফি পরিশোধের কলেজ কপি প্রিন্ট করে সংযুক্ত করে দিতে হবে।
- প্রাথমিক আবেদন ফরমের কলেজের অংশে শিক্ষার্থী নিজের ও অভিভাবকের মোবাইল নম্বর এবং ভর্তি ফরমের পিন নম্বর অবশ্যই লিখতে হবে। শিক্ষার্থীকে নিজ দায়িত্বে ভর্তি পরীক্ষার শুরুর ৬ দিন পূর্বেই জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়বসাইট হতে প্রবেশপত্র প্রিন্ট করতে হবে। যা ভর্তি পরীক্ষার দিন প্রবেশপত্রে উল্লেখিত কেন্দ্র অনুসারে এইচএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড এর মূলকপি নিয়ে আসতে হবে।

## *ফরম জমা দেয়ার স্থান*

| *বিজ্ঞান শাখা* | *মানবিক শাখা* | *ব্যবসায় শিক্ষা শাখা* |
|---|---|---|
| *প্রশাসনিক-কাম-একাডেমিক ভবন-১ এর ৫ম তলা প্রাণিবিজ্ঞান বিভাগের ১৫০১ নং কক্ষে* | *একাডেমিক ভবন-৩ এর ৪র্থ তলা ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সেমিনার কক্ষ* | *একাডেমিক ভবন-৬ এর- নীচ তলা পদার্থবিজ্ঞান ল্যাব* |

বি.দ্র : প্রাথমিক আবেদন ফরম জমাদানের পর **Confirmation Massage** আগামী ২৩/০৪/২০২৫ খ্রি. তারিখ রাত ৮.৩০ মিনিটের মধ্যে না গেলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটের **Admission Panel (www.nu.ac.bd/admission)** এর **Applicant's Account Login (Honours Login)** অপশনে **Admission Roll** ও **Pin Number** দিয়ে **Login** করলে প্রাপ্ত **Panel** এ **View Application** অপশনে **Status : Received** থাকলে ফরমটি **Received** হয়েছে। **View Application** অপশনে **Status : Submitted** থাকলে ২৪/০৪/২০২৫ খ্রি. তারিখ দুপুর ১২.০০ মধ্যে একাডেমিক ভবন-০৬ এর অফিসের ৬২০৩ নং কক্ষে যোগাযোগ করে সমস্যা সমাধান করার নির্দেশ দেয়া হল। অন্যথায় এ সংক্রান্ত জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১৭/৪/২৫

অধ্যক্ষ
সরকারি সিটি কলেজ চট্টগ্রাম।

NU Honour's Admission 2023-24

# জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

স্মারক নং: ১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২৫/৩ ১৩৭ তারিখ: ১৬/০৪/২০২৫

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদনের সময় বৃদ্ধি সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (www.nu.ac.bd/admissions)

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদনের সময় ২৫ এপ্রিল ২০২৫ তারিখ রাত ১২টা পর্যন্ত বৃদ্ধি করা হলো। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) থেকে আগ্রহী প্রার্থীদের অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে এবং প্রাথমিক আবেদন ফি বাবদ ৭০০/- (সাতশত) টাকা টাকা সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি ২৭ এপ্রিল ২০২৫ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে।

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির অনলাইন ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদন ফরম পূরণের শর্তসমূহ ও ভর্তি সংক্রান্ত নির্দেশিকা জানতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) **Honours** অপশনে গিয়ে **Honours Admission Guideline** লিংকে ক্লিক করতে হবে। আবেদনকারীকে অবশ্যই ভর্তি নির্দেশিকায় বিবৃত সকল শর্ত মেনে অনলাইন আবেদন ফরম পূরণ করতে হবে।

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে অনলাইন আবেদন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

| ক্রমিক | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ক) | অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের সর্বশেষ তারিখ: | ২৫/০৪/২০২৫ |
| খ) | আবেদনকারীকে প্রাথমিক আবেদন ফরমসহ আবেদন ফি বাবদ ৭০০/- (সাতশত) টাকা আবেদনকৃত কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) জমা দেয়ার সর্বশেষ তারিখ: | ২৭/০৪/২০২৫ |
| গ) | কলেজ কর্তৃক অনলাইনে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার সর্বশেষ তারিখ: | ২৮/০৪/২০২৫ |
| ঘ) | কলেজ কর্তৃক আবেদনকারীদের প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ [আবেদনকারী প্রতি ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা হারে] সংশ্লিষ্ট খাতে (ভর্তি ফান্ড) যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ:<br>এ লক্ষ্যে কলেজকে **Login** এর মাধ্যমে **Application Payment Info (Honours)** অপশনে ক্লিক করে **Pay Slip** ডাউনলোড করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় নির্ধারিত ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। | ২৯/০৪/২০২৫<br>থেকে<br>০৭/০৫/২০২৫ |

16.04.2025

(ড. মো. আশেক কবির চৌধুরী)
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
তারিখ: /০৪/২০২৫

স্মারক নং: ১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২৫/

অনুলিপি:

১। সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয়
২। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। সচিব, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর-১, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর-২, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮। অফিস কপি।

(মো. আবুল কাসেম)
উপ-রেজিস্ট্রার (সার্বিক)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন: ০২-৯৯৬৬৯১৫৮৪
ই-মেইল: adm.hons@nu.ac.bd